ঢাবি-এর ঘটনা বিএনপি হাইকমান্ডে নতুন ভাবনার জন্ম দিয়েছে

# ছাত্র রাজনীতি বন্ধে সরকার এককভাবে সিদ্ধান্ত নেবে না

# অন্য দল সাড়া না দিলে ছাত্রদলকে ঢেলে সাজানো হবে

**স্টাফ রিপোর্টার ঃ** ছাত্র রাজনীতির প্রশ্নে সরকার হুট করে কোন সিদ্ধান্ত নেবে না। এ ব্যাপারে বিভিন্ন রাজনৈতিক দলের সাথে আলাপ-আলোচনা করে সরকার সামনের দিকে অগ্রসর হবে। এরকম একটি স্পর্শকাতর বিষয়ে সরকার কখনো এককভাবে কোন সিদ্ধান্ত নেবে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার পর সরকার এ বিষয়টিকে নিয়ে নতুনভাবে ভাবতে শুরু করেছে।

ছাত্র রাজনীতি বন্ধের প্রশ্নে দেশব্যাপী জনমত প্রবল হয়ে উঠেছিল। চারদলীয় জোট সরকার এ ব্যাপারে সক্রিয় চিন্তা-ভাবনা শুরু করেছিল। জোট নেত্রী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্র রাজনীতি বন্ধের লক্ষ্যে বিরোধী দলের সাথে সংসদের ভেতরে-বাইরে আলোচনারও প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু বিরোধী দল এ ব্যাপারে কোন সাড়া দেয়নি; বরং ছাত্র রাজনীতি বহাল রাখার পক্ষে বিরোধী দল তাদের মতামত ব্যক্ত করার পাশাপাশি সরকারের পরিকল্পনাকে দুরভিসন্ধিমূলক বলে মন্তব্য করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে মধ্যরাতে পুলিশী অভিযানের ঘটনার প্রেক্ষিতে ছাত্রলীগ ও অন্যান্য বাম ছাত্র সংগঠনের উস্কানিমূলক কার্যকলাপের প্রেক্ষিতে অনেকেই ধারণা করেন যে, সরকার সহসাই ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে দেবে। কিন্তু বিএনপি নীতিনির্ধারক একাধিক নেতার সাথে আলাপ করে জানা গেছে, ছাত্র রাজনীতির ব্যাপারে তারা সহসা কোন সিদ্ধান্তে যাচ্ছেন না। এমনকি

ভবিষ্যতেও সরকার এ ব্যাপারে এককভাবে কোন সিদ্ধান্ত নেবে না। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার পর সরকারের নীতি-নির্ধারকদের ছাত্র রাজনীতি প্রশ্নে নতুন করে ভাবনা-চিন্তার সুযোগ করে দিয়েছে। বিএনপি নেতাদের অনেকেই মনে করছেন যে, একদিকে ছাত্র রাজনীতি বহাল অন্যদিকে জাতীয়তাবাদী ছাত্রদলের রাজনৈতিক কার্যক্রম স্থগিত রাখার ঘটনা অনেকটা আত্মঘাতী। ছাত্রদলকে নিষ্ক্রিয় করে রাখায় ক্যাম্পাসে যে ভারসাম্যহীন অবস্থার সৃষ্টি হচ্ছে সরকারকে তারই মাশুল দিতে হচ্ছে। এই প্রেক্ষিতে সরকারের নীতি-নির্ধারকদের অনেকে মনে করেন, ছাত্র

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখন

## ছাত্র রাজনীতি

প্রথম পৃষ্ঠার ·

রাজনীতি বন্ধের ব্যাপারে অন্য রাজনৈতিক এগিয়ে না এলে এ প্রশ্নে এককভাবে বিএনি করার কিছু নেই। ছাত্র রাজনীতি বন্ধ হলে ভ উপকৃত হবে তবে সাংগঠনিকভাবে বিএ কিছুটা হলেও ক্ষতিগ্রস্ত হবে। কাজেই এ অব অন্য রাজনৈতিক দল ছাত্র রাজনীতি বন্ধ কর এগিয়ে না এলে বিএনপি হাইকমান্ড তা অঙ্গসংগঠন ছাত্রদলকে আবার ঢেলে সাজা একই সাথে কঠোরভাবে ক্যাম্পাসকে সন্ত্রাস করার জন্য যা যা পদক্ষেপ নেয়া দরকার ত গ্রহণ করবে। ছাত্র রাজনীতি বন্ধ করা সম্ভব হলে শিক্ষাঙ্গনের রাজনীতিতে গুণগত পরিব আনার চেষ্টা করা হবে। মেধাবী ও নিয়া ছাত্রদের নিয়ে ছাত্রদলের কমিটি গঠনেরও উে নেয়া হবে।

আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ গত (রবিবার) সাংবাদিকদের সাথে আলাপকালে রাজনীতি প্রসঙ্গে বলেন, রাজনৈতিক দ